তারিখ: ২৫ নভেম্বর ২০২৪

**বাংলাদেশ সংবাদ সংস্থা (বাসস)**

৬৮/২, পুরানা পল্টন, ঢাকা-১০০০।

**বাসস'র ১০০ দিনে বাস্তবায়িত উল্লেখযোগ্য কার্যক্রম এবং বিগত ফ্যাসিবাদী সরকারের আমলে জনস্বার্থবিরোধী কার্যক্রম বিষয়ে গৃহীত পদক্ষেপসমূহ:**

| **ক্রম** | **বাস্তবায়িত উল্লেখযোগ্য কার্যক্রম ও গৃহীত পদক্ষেপসমূহ** |
|---|---|
| ০১. | জাতীয় বার্তা সংস্থা হিসেবে বাসস বৈষম্যবিরোধী ছাত্রআন্দোলন ও গণঅভ্যুত্থানের বিজয়ের পরপরই এর চেতনাকে ধারন করে ও এর সাথে সামঞ্জস্য রেখে নতুনভাবে কার্যক্রম চালু করেছে। |
| ০২. | বাসস দ্রুততম সময়ে ফ্যাসিবাদী সরকারের নীতিগত কৌশল ও কার্যক্রম পরিহার করে বৈষম্যবিরোধী নীতি অবলম্বন করে কার্যক্রম পরিচালনা করছে। |
| ০৩. | অন্তবর্তীকালীন সরকারের ১০০ দিনের সাফল্য নিয়ে বিভিন্ন মন্ত্রণালয়ের মাননীয় উপদেষ্টাদের সাক্ষাৎকার গ্রহণপূর্বক বাসস ইংরেজিতে ২৭টি ও বাংলায় ২২টিসহ মোট **৪৯টি** বিশেষ প্রতিবেদন প্রচার করেছে। |
| ০৪. | বাংলাদেশ সংবাদ সংস্থা (বাসস) থেকে বৈষম্যবিরোধী ছাত্র-জনতার গণঅভ্যুত্থান সম্পর্কিত সংবাদ, ছাত্র আন্দোলন ও গণঅভ্যুত্থানে শহীদ ও আহতদের সংবাদ সংগ্রহপূর্বক "গণঅভ্যুত্থানের গাথা-বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনে আত্মদানের গল্প" শিরোনামে মানবিক প্রতিবেদন তৈরি করে নিয়মিত প্রচারের কাজ চলমান রয়েছে। গত ২১ আগস্ট ২০২৪ থেকে ২২ নভেম্বর ২০২৪ পর্যন্ত সময়ে সংস্থা থেকে এ বিষয়ে বাংলায় ১৮৯টি ও ইংরেজিতে ৮৩টিসহ মোট **২৭২টি** প্রতিবেদন প্রচার করা হয়েছে। এই কার্যক্রম চলমান রয়েছে। |
| ০৫. | বিগত আওয়ামীলীগ সরকারের ২০০৯-২০২৪ সাল পর্যন্ত দুর্নীতি, অনাচার, দমন-পীড়ন, মানবতাবিরোধী অপরাধ, সাম্প্রতিক হত্যাযজ্ঞ ইত্যাদি বিষয় অন্তর্ভুক্ত করে নিয়মিত সংবাদ সংগ্রহ ও প্রচার করা হচ্ছে। |
| ০৬. | বিগত পতিত আওয়ামী লীগ সরকারের আমলে সংস্থার যে সকল সাংবাদিক, কর্মকর্তা/কর্মচারিকে অন্যায়ভাবে রাজনৈতিক বিদ্বেষবশত চাকুরিচ্যুত করে বৈষম্য তৈরি করা হয়েছে ঐ সকল সাংবাদিক, কর্মকর্তা/কর্মচারি বর্তমান অন্তর্বর্তীকালীন সরকার ক্ষমতায় আসার পর সৃষ্ট বৈষম্য নিরসনের জন্য আবেদন করেছেন। আবেদনকারী ২২ জন সাংবাদিক, কর্মকর্তা/কর্মচারির বৈষম্য নিরসন ও ন্যায়বিচারের লক্ষ্যে পদোন্নতি, চাকুরিতে পুনর্বহাল ও অবসানজনিত সকল দেনা-পাওনা পরিশোধের বিষয়ে উদ্যোগ গ্রহণ করা হচ্ছে। |
| ০৭. | আওয়ামী লীগ সরকারের আমলে বঞ্চিত ১৮ জন সাংবাদিক, কর্মকর্তা/কর্মচারিকে পদোন্নতি ও গ্রেডআপ প্রদান করা হয়েছে। |
| ০৮. | সংস্থার গ্রাহক বৃদ্ধির লক্ষ্যে কার্যক্রম গ্রহণ করা হয়েছে এবং গ্রাহকদের দ্রুততম সময়ের মধ্যে সেবা প্রদানের লক্ষ্যে মতামত গ্রহণ করা হচ্ছে। |
| ০৯. | সংস্থার নিজস্ব ওয়েবসাইটকে নতুনভাবে তৈরি ও গতিশীল করার প্রক্রিয়া শুরু করা হয়েছে। |
| ১০. | সংস্থার অবকাঠামোগত উন্নয়ন ও ভৌত কার্যক্রমের গতি বৃদ্ধি করা হয়েছে। |

| ক্রম | **বাস্তবায়িত উল্লেখযোগ্য কার্যক্রম ও গৃহীত পদক্ষেপসমূহ** |
|---|---|
| ১১. | অডিওভিজ্যুয়াল টেকনোলজি ব্যবহারের মাধ্যমে বাসস’র সাংবাদিকদের সক্ষমতা বৃদ্ধি করা এবং অডিওভিজ্যুয়াল সংবাদ প্রচার ব্যবস্থা অব্যহত রাখার লক্ষ্যে সংস্থায় অডিওভিজ্যুয়াল প্রকল্প চালুর উদ্দেশ্যে যথাযথ পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে। |
| ১২. | জাতীয় বার্তা সংস্থা বাংলাদেশ সংবাদ সংস্থা (বাসস) অন্তর্বর্তীকালীন সরকারের একশ’ দিনের কর্মসূচির আওতায় বৈষম্য বিরোধী আন্দোলনে শহীদ ছাত্র জনতার প্রতি শ্রদ্ধা জ্ঞাপনের জন্য **‘স্মৃতির মিনার: গণঅভ্যুত্থান ২০২৪’** শীর্ষক একটি স্মরণ সভার আয়োজন করেছে। সভাটি আগামী ৩০ নভেম্বর ২০২৪ তারিখ শনিবার বিকাল ৫:০০ টায় জাতীয় প্রেস ক্লাবের সেমিনার কক্ষে অনুষ্ঠিত হবে। |
| ১৩. | অন্তবর্তীকালীন সরকারের বিভিন্ন পদক্ষেপ উৎসাহিত করতে বাসস নিয়মিতভাবে বিশেষ প্রতিবেদন প্রকাশ করে যাচ্ছে। |
| ১৪. | নতুন ব্যবস্থাপনা দায়িত্ব নেওয়ার পর ফ্যাসিস্ট সরকারের আমলে জেলা পর্যায়ে নিয়োজিত চিহ্নিত দলীয় সাংবাদিকদের স্থলে পেশাদার সাংবাদিকদের নিয়োগদানের প্রক্রিয়া চলমান আছে। |

**মাহবুব মোর্শেদ**

ব্যবস্থাপনা পরিচালক ও

প্রধান সম্পাদক